

অরুণকুমার চক্রবর্তী

সূর্যমূখী

সূর্যমূখী বৃষ্টিভারে নতো
হাদয় ছিল এমনই সংযত

ইচ্ছে ছিল হাওয়ার মতো ছড়িয়ে কাছে টানার
এবং পোষমানার মতো সাপের ফেঁসরফেঁস
ভয় পেয়েছে বলেই মেয়ে সরিয়ে দিলো বাগান,
আকাশজোড়া কালো মাটি তারার হাঁসনুহানা
রোজ ফুটেছে দেখে, মেয়ে ছড়িয়ে দিলো মেঘ

মেঘ সরালাম বাগান পেলাম ফুঁসে উঠলো আবার
দশটা নথের তলোয়ারে
দশটা গভীর ক্ষতো
রক্তভারে নতো

আলোর চাবি

মানুষ থেকে মানুষ যাচ্ছে দূরে
এখনও অন্ধ বন্ধ বক্ষপুর
আলোর দরজা নিজেই খুলেছে চাবি

আর কবে
দেখা হবে
আলোর সুমুদ্রে

বিশ্ববাড়ি

১।

আমাদের তাড়াতাড়ি নেই
আমাদের বাড়াবাড়ি নেই
আমরা তো রয়েছি বাড়িতেই

২।

বাড়ি তো একটাই
শুধু এ ঘর থেকে
অন্য ঘরে যাই